

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
(সংস্থা প্রশাসন শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mofood.gov.bd](http://www.mofood.gov.bd)

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০৩২.১৬-৫০

তারিখঃ ১২ মাঘ, ১৪২৪ বঃ  
২৫ জানুয়ারি, ২০১৮ খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ জনাব মোঃ নাজিম উদ্দিন, প্রাক্তন সহকারী উপ-পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-এর অনুকূলে মাসিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্র: খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০৩৬.১৬-১৯ তারিখ: ০৯/০১/২০১৮ খ্রি:।  
জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ নাজিম উদ্দিন, প্রাক্তন সহকারী উপ-পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এ মন্ত্রণালয়ের ০৯/১০/২০১৬ খ্রিঃ তারিখের ৫১৮ নং প্রজ্ঞাপন মূলে বিগত ৩০/০৬/২০১৬ খ্রিঃ হতে ২৯/০৬/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে ৩০/০৬/২০১৭ খ্রিঃ তারিখে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেন। সে প্রেক্ষিতে তিনি নির্ধারিত পেনশন ফরম ২.১ পূরণপূর্বক তার প্রাপ্য মাসিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে জনাব মোঃ নাজিম উদ্দিন এর বিরুদ্ধে আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়ীয়াতে কর্মকালীন ৭০,৮১২/- (সত্তর হাজার আটশত বার টাকা)-র অডিট আপত্তি রয়েছে, যা তার আনুতোষিক হতে স্থগিতযোগ্য। এছাড়া সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট অভ্যন্তরীণ ও বাণিজ্যিক নিরীক্ষায় সরকারি কোন পাওনা নাই এবং কোন বিচারিক বা বিভাগীয় মামলা না থাকায় তার তার প্রাপ্য মাসিক অবসরভাতা ও আনুতোষিক এর মঞ্জুরি নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে জ্ঞাপন করছিঃ

- ক) তাঁর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- খ) খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী জনাব মোঃ নাজিম উদ্দিন এর অনুকূলে তার প্রাপ্য আনুতোষিক হতে অডিট আপত্তিকৃত ৭০,৮১২/- (সত্তর হাজার আটশত বার টাকা) স্থগিত রেখে অবশিষ্ট আনুতোষিক বাবদ (২৩,৯০,৮৫০-৭০,৮১২)= ২৩,২০,০৩৮ (তেইশ লক্ষ বিশ হাজার আটত্রিশ টাকা) ও মাসিক অবসরভাতা বাবদ ১০,৩৯৫/- (দশ হাজার তিনশত ষাটানব্বই টাকা) প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।
- ২। জনাব মোঃ নাজিম উদ্দিন এর প্রাপ্য আনুতোষিক ও মাসিক অবসরভাতা পরিশোধের জন্য পিপিও বহি: জারি করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হয়েছে।
- ৪। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১(এক) কপি
(খ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	১(এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১(এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই,এল,পি,সি)	১(এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র	১(এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও অঙ্গুলির ছাপ	১(এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র	১(এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	১(এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বিবরণী	১(এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি খতিয়ান বহি (মূল খন্ড)	১(এক) কপি
(ট)	সংশ্লিষ্ট কর্মকর্তার পিআরএল এর প্রজ্ঞাপন	১(এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে

-স্বাক্ষর

(মোহাম্মদ হেলাল উদ্দিন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০১১২


[sasestabadmin@mofood.gov.bd](mailto:sasestabadmin@mofood.gov.bd)

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০৩২.১৬-৫০/(১)৬

তারিখঃ ১২ মাঘ, ১৪২৪ বঃ  
২৫ জানুয়ারি, ২০১৮ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ২-৪। পরিচালক (প্রশাসন/হিসাব ও অর্থ/সরবরাহ, বন্টন ও বিপণন), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা-মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৬। জনাব মোঃ নাজিম উদ্দিন, প্রাক্তন সহকারী উপ-পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;  
বর্তমান ঠিকানা- সিদ্ধিরগঞ্জ হাউজিং এলাকা, আটি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

  
(মোহাম্মদ হেলাল উদ্দিন)  
সিনিয়র সহকারী সচিব

E/Saroar/022.13.032.16